গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কুলিয়ারচর, কিশোরগঞ্জ
www.kuliarchar.kishorganj.gov.bd

স্মারক নং-৩১.৪১.৪৮৫৪.০০১.০২.০০৩.২২

তারিখঃ ২৩ ফাল্গুন ১৪৩১
০৭ মার্চ ২০২৪

## ২য় ক্যালেন্ডার অনুযায়ী জলমহাল ইজারা বিজ্ঞপ্তি (বাংলা ১৪৩১- ১৪৩৩)

### বিজ্ঞপ্তি নং-১/২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বাংলাদেশ গেজেট, অতিরিক্ত সংখ্যা, জুন ২৫,২০০৯ খ্রি. তারিখে প্রকাশিত ভূমি মন্ত্রণালয়ের শাখা নং-৭ এর ২৩ জুন, ২০০৯ খ্রি. তারিকের প্রজ্ঞাপন অনুযায়ী সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর আলোকে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কুলিয়ারচর উপজেলার নিম্নোক্ত "খ" তফশিলে বর্ণিত ২০(বিশ) একর পর্যন্ত বদ্ধ জলমহালসমূহ শর্তসাপেক্ষে বাংলা ১৪৩১ সন হতে ১৪৩৩ সন পর্যন্ত ০৩(তিন) বছর মেয়াদে ইজারা গ্রহণের নিমিত্ত আগ্রহী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি বা যুব মৎস্যজীবী সংগঠনের(১৮-৩৫ বছর পর্যন্ত বয়স) নিকট থেকে সীলমোহর যুক্ত খামে নির্ধারিত ফরমে আবেদন পত্র আহ্বান করা যাচ্ছে। নির্ধারিত আবেদনপত্র "ক" তফশিলে বর্ণিত তারিখসমূহে অফিস চলাকালীন(ছুটির দিন ব্যতিত) উপজেলা নির্বাহী অফিসার, কুলিয়ারচর, কিশোরগঞ্জ এর অনুকূলে ৫০০/-(পাঁচশত) টাকা অফেরতযোগ্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট(কেবলমাত্র সোনালী ব্যাংক থেকে) জমা দিয়ে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কুলিয়ারচর বা উপজেলা ভূমি অফিস, কুলিয়ারচর থেকে ক্রয় করা যাবে। উল্লেখ্য, সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী বা তীরবর্তী নিবন্ধিত মৎস্যজীবী সংগঠন বা যুব মৎস্যজীবী সমিতিকে প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার প্রদান করা হবে। ২৫/০২/২০২৪ খ্রি. তারিখের ভূমি মন্ত্রণালয়ের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০০১.২৪(অংশ)৩৬১ নং স্মারক মোতাবেক জলমহাল সাধারণ আবেদনে ইজারা প্রদানের নির্দেশনা রয়েছে। সকল আবেদনপত্র সীলগালাকৃত খামে "ক" তফশিলে বর্ণিত তারিখ ও সময়ের মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কুলিয়ারচর, কিশোরগঞ্জ এবং উপজেলা ভূমি অফিস, কুলিয়ারচর, কিশোরগঞ্জে রক্ষিত দরপত্র বাক্সে গ্রহণ করা হবে এবং সংশ্লিষ্ট অফিস হতে আবেদনপত্র খাম(যদি দাখিল হয়) সংগ্রহ পূর্বক নির্ধারিত দিনের বিকাল ৩.০০ ঘটিকায় উপস্থিত উপস্থিত আবেদন দাতাগণের সমুখে (যদি কেহ উপস্থিত থাকেন) উপজেলা নির্বাহী অফিসার কার্যালয় কুলিয়ারচর খোলা হবে।উল্লেখ্য, প্রথম তারিখে ইজারা বা বন্দোবস্ত না হওয়া জলমহালসমূহ বিজ্ঞপ্তিতে উল্লিখিত নিম্নোক্ত ক" তফসিল বর্ণিত ক্যালেন্ডারের তারিখ ধারাবাহিকতা অনুযায়ী অনুরুপভাবে আবেদনপত্র গ্রহণসহ ইজারা কার্যক্রম পরিচালিত হবে। জলমহাল ইজারা সংক্রান্ত বিষয়ে বিস্তারিত তথ্যাদি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কুলিয়ারচর ও সহকারী কমিশনার(ভূমি), কুলিয়ারচর, কিশোরগঞ্জ হতে অফিস চলাকালীন সময়ে জানা যাবে।

"ক" তফশিল

| বিজ্ঞপ্তি নম্বর | আবেদন ফরম সংগ্রহের তারিখ(সরকারী ছুটির দিন ব্যতিত | আবেদন দাখিলের তারিখ ও সময় | আবেদন খোলার তারিখ ও সময় |
|---|---|---|---|
| ১ম | ১৮/০৩/২০২৪ খ্রি. তারিখ থেকে ২৪/০৩/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত | ২৫/০৩/২০২৪ তারিখ সকাল ৯.০০ ঘটিকা থেকে দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত | ২৫/০৩/২০২৪ খ্রি. তারিখ বিকাল ৩.০০ ঘটিকা |
| ২য় | ০১/০৪/২০২৪ খ্রি. তারিখ থেকে ০৪/০৪/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত | ০৮/০৪/২০২৪ তারিখ সকাল ৯.০ ঘটিকা থেকে দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত | ০৮/০৪/২০২৪ খ্রি. তারিখ বিকাল ৩.০০ ঘটিকা |
| ৩য় | ০৯/০৪/২০২৪ খ্রি. তারিখ থেকে ১৫/০৪/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত | ১৫/০৪/২০২৪ তারিখ বেলা ২.৩০ ঘটিকা | ১৫/০৪/২০২৪ খ্রি. তারিখ বিকাল ৩.০০ ঘটিকা |

"খ" তফশিল
১৪৩১-১৪৩৩ বঙ্গাব্দ মেয়াদে ইজারযোগ্য জলমহালের তালিকা

| ক্র: নং | জলমহাল/পুকুরের নাম | মৌজা | খৎনং | দাগ নং | আয়তন (একরে) | বাৎসরিক সম্ভাব্য সরকারি ইজারা মূল্য |
|---|---|---|---|---|---|---|
| ০১ | চাতলা বিল ফিসারী | পৌর ভূমি অফিস | ০১ | | ১২.৩৫ একর | ১,৫৪,৩৭৫/- |
| ০২ | আগরপুর বিল | ঐ | ০১ | | ১.২৪ একর | ১৫,৫০০/- |
| ০৩ | আলী আকবরী পুকুর | ঐ | ০১ | | ১.১৬ একর | ২৯,০০০/- |
| ০৪ | গনকখালী খাল | ঐ | ০১ | | ১৫.৯০ একর | ১,৯৮,৭৫০/- |
| ০৫ | বড় ছয়সূতী খাস পুকুর | ছয়সূতী ইউনিয়ন ভূমি অফিস | ০১ | | ০.৪০ একর | ১০,০০০/- |
| ০৬ | ছয়সূতী খাস পুকুর | ঐ | ০১ | | ০.২৭ একর | ৬,৭৫০/- |
| ০৭ | নন্দরামপুর খাস পুকুর | ঐ | ০১ | | ০.১৬ একর | ৪,০০০/- |
| ০৮ | কাপাসাটিয়া পুকুর | | ০১ | | | ৩,০০০/- |
| | | | | | | |

শর্তাবলীঃ

| | |
|---|---|
| ০১। | আবেদন ফরম উপজলা নির্বাহী অফিসারের কার্যালয়, কুলিয়ারচর এবং উপজেলা ভূমি অফিস, কুলিয়ারচর কার্যালয়ে পাওয়া যাবে এবং নির্ধারিত সময়ের পর কোন আবেদনপত্র /ফরম বিক্রয় করা যাবে না। |
| ০২। | আবেদনপত্রের সাথে ৫০০/- (পাঁচশত) টাকা আবেদন ফি (অফেরতযোগ্য),কুলিয়ারচর,উপজেলার যে কোন ব্যাংক হতে পে- অর্ডার /ব্যাংক ড্রাফট এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার কুলিয়ারচর ,এর অনুকূলে জমা দিতে হবে। |
| ০৩। | ইজারা প্রদান সংক্রান্ত অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে। |
| ০৪। | আবেদনপত্রের সাথে ৫০০/-(পাঁচশত ) টাকা আবেদন ফি(অফেরতযোগ্য),কুলিয়ারচর উপজেলার যে কোন তফসিল ব্যাংক হতে পে-অর্ডার /ব্যাংক ড্রাফট এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার ,কুলিয়ারচর কিশোরগঞ্জ এর অনুকূলে জমা দিতে হবে। |
| ০৫। | ইজারা বিজ্ঞপ্তিতে ০১ বছরের বার্ষিক মূল্য উল্লেখ করা হয়েছে, যা ৩ বছরের উল্লেখিত যা তিন বছরের জন্য উল্লেখিত মূল্যের ০৩(তিন) গুন হবে। |
| ০৬। | নির্ধারিত তারিখ ও সময়ে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এবং উপজেলা ভূমি অফিস, কুলিয়ারাচর, কিশোরগঞ্জ কার্যালয়ে রক্ষিত টেন্ডার বাক্সে |

| | |
|---|---|
| | আবেদনপত্র গ্রহণ করা হবে। |
| ০৭। | আবেদনপত্র দাখিলের পূর্বে জলমহালটি সরেজমিনে দেখে আবেদন দাখিল করতে হবে। পরে কোন আপত্তি করলে তা গ্রহণযোগ্য হবে না। |
| ০৮। | সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী বা তীরবর্তী নিবন্ধিত মৎস্যজীবী সংগঠন/যুব মৎসজীবী(১৮-৩৫ বছর পর্যন্ত) নিবন্ধিত সমিতিগুলোকে প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার প্রদান করা হবে। |
| ০৯। | আবেদনপত্রের সাথে প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির সদস্যদের নামের তালিকা(ঠিকানাসহ) এবং নির্বাহী সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) সংযুক্ত করতে হবে এবং উহার অনুলিপি উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি এর নিকট দাখিল করতে হবে। |
| ১০। | আবেদনপত্রের নির্দিষ্ট কলামসমূহ যথাযথভাবে পূরণপূর্বক আবেদনকারীকে স্বাক্ষর প্রদান করেতে হবে। |
| ১১। | আবেদনপত্রে বা ফরমে টাকার অংকের ঘরে কোন প্রকার ঘষামাজা করা যাবে না। প্রতিটি কলাম যথাযথভাবে স্পষ্টাক্ষরে লিখতে হবে। |
| ১২। | বিশেষত আবেদনপত্র বা ফরমের টাকা অংকের ঘরে কোন প্রকার কাটাকাটি বা ঘষামাজা করলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। |
| ১৩। | আবেদনপত্রের সাথে প্রথম বছরের জন্য উদ্ধৃত্ত মূল্যের ২০% জামানত হিসেবে উপজেলা নির্বহী অফিসার কুলিয়ারচর,অনুকূলে যে কোন তফসিলী ব্যাংকের পে- অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে দাখিল করতে হবে। |
| ১৪। | আবেদনপত্রে উল্লেখিত মূল্যের সাথে ১৫% মূল্যে সংযোজন ভ্যাট,১০% আয়কর ইজারা গ্রহীতাকে ,পরিশোধ করতে হবে। |
| ১৫। | আবেদপত্রের সাথে মৎস্যজীবি সংগঠন/যুব মৎস্যজীবি সমিতির নির্বাচিত কমিটি,গঠনতন্ত্রের কপি,ব্যাংক একাউন্টের লেনদেন সংক্রান্ত প্রত্যয়নপত্র ও সত্যায়িত ছবি সংযোজন করতে হবে। |
| ১৬। | আবেদনকারী সমবায় সমিতি বর্তমানে কার্যকর আছে কিনা তার প্রমাণ স্বরুপ জেলা /উপজেলা সমবায় /সমাজসেবা কর্মকর্তা কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র দাখিল করতে হবে এবং বিগত ২(দুই)বছরের অডিট রিপোর্টি দাখিল করতে হবে। |
| ১৭। | আবেদনকারীমৎস্যজীবী সংগঠন /যুব মৎস্যজীবী সমিতিকে ০৩(তিন) বৎসর মেয়াদী লীজ পাওয়ার পক্ষে সংশ্লিষ্ট জলমহালের মৎস্য চাষ/উৎপাদন /সুষ্ঠ ব্যবস্থাপনা পরিকল্পনা রুপরেখা আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। |
| ১৮। | জলমহাল সংক্রান্ত ইজারা বিঞপ্তিতে উল্লেখিত জলমহালের নিকটবর্তী প্রকৃত মৎস্যজীবী সমিতি যারা সমবায় /সমাজসেবা অধিদপ্তরে নিবন্ধিত সে সকল সমিতি জলমহাল ইজারার জন্য আবেদন করতে পারবেন।তবে কোন ব্যক্তি বা অনিবন্ধিত সংঠন/সমিতি জলমহাল ইজারার জন্য আবেদন করতে পারবেন না। |
| ১৯। | আবেদনকারী মৎস্যজীবী সংগঠন/যুব মৎস্যজীবী সমিতিতে যদি কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নহেন তাহলে উক্ত সমিতি আবেদনের অযোগ্য হবেন। |
| ২০। | আবেদনকারী মৎস্যজীবী সংগঠন /মৎস্যজীবী সমিতিকে যাচাই বাছাইয়ের ক্ষেত্রে উক্ত সংগঠন /সমিতি এর কোন জঙ্গি সম্পৃক্ততা থাকলে এবং পূর্বের কোন জলমহালের ইজারার মূল্য পরিশোধে খেলাপী হয়ে থাকলে অথবা জলমহাল সংক্রান্ত কোন সাটিফিকেট মামলা কিংবা অন্য কোন আদালতে কোন মামলা থাকলে উক্ত সংগঠন /সমিতি জলমহাল ইজারার /বন্দোবস্তের অযোগ্য বিবেচিত হবে। |
| ২১। | জলমহাল ইজারা বন্দোবস্ত গ্রহীতা সমিতি সংশ্লিষ্ট বছর ভিত্তিক উন্নয়ন কার্যক্রম সংবলিত তথ্য প্রতি বছর উপজেলা নির্বহী অফিসার, কুলিয়ারচর,অবগতির জন্য পেশ করবেন। |
| ২২। | জলমহাল ইজারা/বন্দোবস্ত প্রাপ্ত কোন মৎস্যজীবী সমিতি, তাদের নামে লীজকৃত জলমহাল কোন অবস্থাতেই সাবলীজ প্রদান করতে পারবেন না বা অন্য কোন ব্যক্তি বা গোষ্টিকে হস্তান্তর করতে পারবেন না। |
| ২৩। | কোন মৎস্যজীবী সমবায় সংগঠন /যুব মৎস্যজীবী সংগঠন সমিতি ২(দুই)টির অধিক জলমহাল ইজারা /বন্দোবস্ত পারবে না। |
| ২৪। | জলমহাল ইজারার মেয়াদ ১ লা বৈশাখ থেকে শুরু হবে এবং বছরের যে কোন সময় জলমহালের ইজারা গ্রহণ করলেও ইজারার মেয়াদ ১ লা বৈশাখ থেকে শুরু হবে এবং বছরের যে কোন সময় জলমহালের ইজারা গ্রহণ করলেও ইজারার মেয়াদ ১লা বৈশাখ থেকে কার্যকর হবে একই বছরের ৩০ চৈত্র শুরু হবে এ তারিখে তা শেষ হবে। |
| ২৫। | বন্দোবস্তকৃত বা ইজারাকৃত জলমহালের কোথাও প্রবাহমান প্রাকৃতিক পানি আটকে রাখা যাবে না।বদ্ধ উন্মুক্ত কোন জলাশয়েই রাক্ষুসে মাছ চাষ করা করা যাবে না । |
| ২৬। | কোন জলমহাল ইজারা/বন্দোস্ত প্রদানের বিরুদ্ধে যদি উপযুক্ত আদালত স্থিতাবস্থা/স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা আদেশ জারি করেন, তবে সে সকল জলমহালের ক্ষেত্রে এ বিজ্ঞপ্তি কার্যকর হবে না। |
| ২৭। | প্রথম তারিখে সিদ্ধান্তবিহীন পরবর্তী তারিখে(ইজারা বিজ্ঞপ্তিতে উল্লেখিত তারিখে ধারাবাহিকতা অনুযায়ী ) ইজারা কার্যক্রম পরিচালিত হবে। |
| ২৮। | জলমহালের কোন ক্ষতি সাধন করা যাবে না এবং ভূগর্ভস্থ কোন সম্পদের উপর লিজ গ্রহীতার অধিকার থাকবে না) |
| ২৯। | জমাকৃত আবেদনসমূহ যাচাই - বাছাই এর ক্ষেত্রে উপজেলা নির্বহী অফিসার ,কুলিয়ারচর এর সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে এবং কোন কারণ দর্শানো ব্যতরেকে যেকোন বা সকল আবেদনপত্র গ্রহণ ও বাতিলের এখতিয়ার কর্তৃপক্ষ সংরক্ষণ করেণ। |
| ৩০। | জলমহাল ইজারা /বন্দোবস্ত প্রাপ্ত মৎস্যজীবী সংগঠন/যুব মৎস্যজীবী সমিতি তাদের নিজ খরচে ইজারা চুক্তি সম্পাদন করবেন। |
| ৩১। | উল্লেখিত যে কোন শর্ত খেলাপী বা পালনে ব্যর্থ হলে ইজারা /বন্দোবস্তের মেয়াদ শেষ হওয়ার পূর্বেই ,ইজারা বাতিল ও সমুদয় টাকা সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে। |
| ৩২। | জলমহাল সংক্রান্ত ব্যবস্থাপনা"সর্বক্ষেত্রে জলমহাল ব্যবস্থাপনা নীতি,২০০৯"অনুযায়ী পরিচালিত হবে। এছাড়াও বিভিন্ন সময়ে জারীকৃত সরকারি বিধি বিধানসমূহ ইজারা গ্রহীতাকে মেনে চলতে হবে। |

০৭।০৩।২০২৪

(ফারজনা আলম )
উপজেলা নির্বাহী অফিসার
ও আহ্বায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
কুলিয়ারচর, কিশোরগঞ্জ

স্মারক নং-৩১.৪১.৪৮৫৪.০০০.০০.০১৭.২৩-১১৬(২০) তারিখ ঃ ০৭/০৩/২০২৪খ্রি.

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে

০১। মাননীয় সংসদ সদস্য, ভৈরব-কুলিয়ারচর নির্বাচনী এলাকা, কিশোরগঞ্জ- ০৬।
০২। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
০৪। জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
০৫। পুলিশ সুপার, কিশোরগঞ্জ।
০৬। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কিশোরগঞ্জ।
০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুলিয়ারচর, কিশোরগঞ্জ।
০৮। উপজেলা নির্বাহী অফিসার,---------------------------(সকল), কিশোরগঞ্জ।
০৯। রেভিনিউ ডেপুটি কালেক্টর, কিশোরগঞ্জ। বিজ্ঞপ্তির ------------------------কপি বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলো।

জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ

১০। সহকারী কমিশনার(ভূমি), কুলিয়ারচর, কিশোরগঞ্জ। বিজ্ঞপ্তিটি মাইকযোগে ও ঢোল সহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের জন্য অত্রসাথে---------------- কপি বিজ্ঞপ্তি প্রেরণ করা হলো।
১১। মেয়র, কুলিয়ারচর পৌরসভা, কুলিয়ারচর, কিশোরগঞ্জ।
১২। উপজেলা---------------------------------------------------অফিসার, কুলিয়ারচর, কিশোরগঞ্জ। নোটিশ বোর্ডে টানিয়ে বহুল প্রচারের জন্য।
১৩। চেয়ারম্যান------------------------------------ইউ, পি,(সকল) কুলিয়ারচর, কিশোরগঞ্জ। বিজ্ঞপ্তিটি মাইকযোগে ও ঢোল সহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের জন্য অত্রসাথে----------------কপি বিজ্ঞপ্তি প্রেরণ করা হলো।
১৪। সম্পাদক, দৈনিক-------------------------------------। আপনার বহুল প্রচারিত পত্রিকায় বিজ্ঞপ্তিটি একদিনের জন্য প্রকাশ করে পত্রিকার ০২(দুই)কপি অত্রাফিসে সরবরাহ করার জন্য অনুরোধ করা হলো।
১৫। ইউঃ ভূমি সহঃ কর্মকর্তা,------------------------ইউঃ ভূমি অফিস, কুলিয়ারচর, বিজ্ঞপ্তিটি মাইকযোগে ও ঢোল সহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের জন্য অত্র সাথে --------------কপি বিজ্ঞপ্তি প্রেরণ করা হলো।
১৬। জনাব------------------------------------------------------------

উপজেলা নির্বাহী অফিসার
কুলিয়ারচর, কিশোরগঞ্জ